গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি)
প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
Web site: https://lddp.portal.gov.bd

স্মারক নং-৩৩.০১.০০০০.৮২৮.২৩.০০৫.২১.৩৮২ তারিখঃ --২২/০৬/২০২২-খ্রি.

বিষয়ঃ- প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় **'ডেইরী আইকন সেলিব্রেশন'** কার্যক্রম বাস্তবায়নে ক্যাটাগরি ভিত্তিক খামারী/উদ্যোক্তা/প্রতিষ্ঠান বাছাই প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগিতর জন্য জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় ডেইরীসহ প্রাণিসম্পদ উন্নয়নে উল্লেখযোগ্য অবদানের জন্য **'ডেইরী আইকন সেলিব্রেশন'** কার্যক্রম বাস্তবায়নে দেশের ৬১টি জেলা (৩টি পার্বত্য জেলা ব্যতীত) থেকে প্রতিবছর জাতীয় পর্যায়ে ০৪ (চার) টি ক্যাটাগরিতে মোট ৪০ জন (প্রতি ক্যাটাগরিতে ১০ জন) নির্বাচিত আইকনকে সম্মাননা প্রদানের সংস্থান রয়েছে। সে মোতাবেক চলতি বছরে উক্ত কার্যক্রমের আওতায় প্রকল্পভুক্ত জেলাসমূহ থেকে সংযুক্ত গাইড লাইন মোতাবেক ০৪ (চার) টি ক্যাটাগরিতে (ক. ডেইরি, খ. দুধ/মাংস প্রক্রিয়াজাতকরণ, গ. পশু খাদ্য প্রস্তুত ও ঘ. খামার যান্ত্রিকীকরণ) প্রতিটিতে ০১ (এক) জন করে খামারী/উদ্যোক্তা/প্রতিষ্ঠান প্রাথমিকভাবে জেলা ভিত্তিক বাছাইপূর্বক 'কেন্দ্রীয় পর্যায়ে চূড়ান্ত বাছাই কমিটি' বরাবরে প্রেরণের নিমিত্তে সংযুক্ত গাইডলাইন মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হল।

উল্লেখ্য প্রকল্পের আওতায় প্রতিবছর ১ জুন কেন্দ্রীয়ভাবে বিশ্ব দুগ্ধ দিবসের সাথে সমন্বয় করে আয়োজিত অনুষ্ঠানের মাধ্যমে 'ডেইরী আইকন সেলিব্রেশন' অনুষ্ঠান উদযাপন করা হবে।

**সংযুক্তি ঃ** ১। ''ডেইরী আইকন সেলিব্রেশন'' গাইডলাইন- ১১ পাতা।
২। মনোনয়ন ফর্ম ও ক্যাটাগরি ভিত্তিক মূল্যায়ন ফর্মের ওয়ার্ড কপি ৫ পাতা।

22/06/2022
(মো. আব্দুর রহিম)
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
ফোন-০২-৫৮১৫৪৯১৩
ই-মেইল-lddp@dls.gov.bd

**প্রাপক**
১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল) (৩ টি পার্বত্য জেলা ব্যতীত) --------------------------------

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হ'ল ঃ**

১। পরিচালক, বিভাগীয় প্রানিসম্পদ দপ্তর (সকল)-------------------------------------------------------------------
২। পরিচালক, সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪। অফিস কপি।

22/06/2022
(মো. আব্দুর রহিম)
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
ফোন-০২-৫৮১৫৪৯১৩
ই-মেইল-lddp@dls.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রানিসম্পদ অধিদপ্তর
ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dls.gov.bd

2
27/03/22
CTC
DPD (HB)
22/03/2022

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.৭০০.১৬.১৮৫.১৯.১০১

তারিখ: ৬ চৈত্র ১৪২৮
২০ মার্চ ২০২২

বিষয়: **প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় ডেইরী আইকন সেলিব্রেশন কার্যক্রমের গাইডলাইন অনুমোদন**

সূত্র: প্রকল্প পরিচালকের ২২/০২/২০২২ তারিখের ৩৩.০১.০০০০.৮২৮.২৩.০০৫.২১.২৩২ নং পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের অধীনে ডেইরী আইকন সেলিব্রেশন কার্যক্রমের আওতায় দেশের ৬১ টি জেলার ৪৬৬ টি উপজেলা থেকে ৪ (চার) টি ক্যাটাগরিতে উল্লেখযোগ্য অবদানের জন্য প্রতি বছর জাতীয় পর্যায়ে মোট ৪০ জন নির্বাচিত আইকনকে সম্মাননা প্রদানের সংস্থান রয়েছে। উক্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রকল্প পরিচালক প্রেরিত খসড়া গাইডলাইনটি পরিবর্ধন/পরিমার্জন করে অনুমোদন করা হলো। উক্ত বিষয়ে ডিপিপি ও পিআইএম যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২০-৩-২০২২
ডা: মনজুর মোহাম্মদ শাহজাদা
মহাপরিচালক (চলতি দায়িত্ব)

মোঃ আব্দুর রহিম, প্রকল্প পরিচালক
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প

# এলডিডিপি, ডিএলএস এর আওতায় 'ডেইরী আইকন' বাছাই গাইডলাইন

**১। ভূমিকা:**

সুস্থ, সবল ও মেধাবী জাতি গঠনে প্রাণিজ আমিষের গুরুত্ব অপরিসীম। প্রাণিজ আমিষের অন্যতম উৎস্য দুধ, মাংস ও ডিম। দুধ প্রকৃতির শ্রেষ্ঠ পানীয়, একটি আদর্শ খাবার। যেকোন বয়সের মানুষের জন্য দুধ অত্যন্ত প্রয়োজন। বাংলাদেশের অর্থনৈতিক উন্নতির ফলে দেশের জনগণের ক্রয়ক্ষমতা বৃদ্ধির প্রেক্ষিতে প্রাণিজ আমিষ গ্রহণের প্রবণতা দিন দিন বেড়ে চলেছে দুধসহ অন্যান্য প্রাণিজ আমিষের চাহিদাও প্রতিবছর বৃদ্ধি পাচ্ছে। প্রাণিসম্পদের উৎপাদন বিগত দশকের তুলনায় উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পাওয়ায় দেশ বর্তমানে মাংস ও ডিম উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে এবং দেশের চাহিদাকে সামনে রেখে দুগ্ধ উৎপাদনও উত্তোরোত্তর বৃদ্ধি পাচ্ছে। প্রাণিসম্পদ খাতের উন্নয়নে মূল চালিকা শক্তি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়াধীন প্রাণিসম্পদ অধিদপ্তর। এ অধিদপ্তর কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে খামারী এবং এতদ্‌সংশ্লিষ্ট ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠানসমূহ উদ্যোগী হওয়ায় বর্তমানে প্রাণিসম্পদ খাতের শিল্পায়ন হয়েছে এবং তা ক্রমাগত সম্প্রসারিত হচ্ছে। এ খাতকে আরও উজ্জীবিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট ক্ষেত্রে উৎসাহ ও সেবা প্রদানের জন্য বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের অর্থায়নে প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) বাস্তবায়িত হচ্ছে। প্রাণিসম্পদের উৎপাদনশীলতা, বাজারজাতকরণসহ ক্ষুদ্র খামারীদের উৎপাদন ব্যবস্থাকে পরিবেশ সহনশীল করে কাঙ্খিত পর্যায়ে নিয়ে যাওয়া এই প্রকল্পের মূখ্য উদ্দেশ্য। এ প্রকল্পের আওতায় ডেইরীসহ প্রাণিসম্পদ উন্নয়নে উল্লেখযোগ্য অবদানের জন্য সফল খামারী/উদ্যোক্তাদের সম্মাননা প্রদানের সংস্থান রাখা হয়েছে যারা "ডেইরী আইকন" হিসেবে পরিচিত হবেন। প্রকল্পের মেয়াদকালীন প্রতিবছরই ডেইরী আইকন সেলিব্রেশন উদযাপন করা হবে। এই উদ্দেশ্য বাস্তবায়নে এলডিডিপি-এর আওতাধীন ৬১টি জেলার (৩টি পার্বত্য জেলা ব্যতীত) ৪৬৬টি উপজেলা ও মেট্রো এলাকা থেকে সফল খামারী/উদ্যোক্তা বাছাই করে ২০২২ খ্রি: সনের ২য় কোয়ার্টারে "ডেইরী আইকন সেলিব্রেশন-২০২১" জাতীয় পর্যায়ে আনুষ্ঠানিকভাবে উদযাপন করা হবে। ডেইরী ও পশুখাদ্য উৎপাদন/প্রক্রিয়াকরণ উদ্যোক্তা, দুগ্ধ/মাংসজাত পণ্য বহুমুখীকরণ উদ্যোক্তা এবং খামার যান্ত্রিকীকরণ উদ্যোক্তা আইকনদের সেলিব্রেশনের নিমিত্তে এই খাতের আইকন নির্বাচন প্রকল্পের আওতাধীন ৪৬৬ টি উপজেলা ও মেট্রোর মধ্যে সীমাবদ্ধ থাকবে।

**২। ডেইরী আইকনের সংজ্ঞা:** 'আইকনের' অভিধানিক অর্থ প্রতীক। 'ডেইরী আইকন' বলতে একজন আদর্শ উদ্যোক্তা/ডেইরী খামারীকে বুঝানো হয়েছে যাকে আদর্শ হিসেবে সাধারণ খামারী/উদ্যোক্তাগণ গ্রহণ করতে পারেন। চূড়ান্তভাবে নির্বাচিত খামারী/উদ্যোক্তাই হবেন "ডেইরী আইকন"।

**৩। লক্ষ্য ও উদ্দেশ্য:**

- ডেইরীসহ প্রাণিসম্পদ খাতে উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে বিশেষ অবদান রাখার জন্য আদর্শ ও স্বাস্থ্যসম্মতভাবে খামার ব্যবস্থাপনা, মানসম্পন্ন ও নিরাপদ প্রাণীজ পণ্য সরবরাহের জন্য ব্যক্তিমালিকানাধীন খামার/উদ্যোক্তা/প্রতিষ্ঠান পর্যায়ে উৎসাহ প্রদানের লক্ষ্যে ডেইরি আইকন-২০২১ হিসেবে খামারী/উদ্যোক্তাকে স্বীকৃতি প্রদান করা।
- প্রাণিজাত পণ্য পুষ্টিকর খাদ্য হিসাবে বিবেচিত হওয়া সত্বেও এ বিষয়ে সচেতনতার অভাব থাকায় প্রাণীজ পণ্য গ্রহণের ব্যাপারে জনসাধারণের মাঝে আগ্রহ সৃষ্টি করাও এ আয়োজনের উদ্দেশ্য।

## ৪। জেলা পর্যায়ে প্রাথমিক বাছাই কমিটিঃ

৪.১ কমিটির গঠন ঃ

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক, সংশ্লিষ্ট জেলা | সভাপতি |
| ২. | উপ-পরিচালক কৃত্রিম প্রজনন, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ৩. | জেলা মৎস্য কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ৪. | জেলা সমবায় কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ৫. | সভাপতি, জেলা চেম্বার্স অব কমার্স, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ৬. | সভাপতি, জেলা ডেইরি ফার্মার্স এসোসিয়েশন, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ৭. | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা | সদস্য-সচিব |

**৪.২) প্রাথমিক বাছাই কমিটির কার্য-পরিধি:**

- কমিটি তাদের জেলা থেকে ক. ডেইরী, খ. দুধ/মাংস প্রক্রিয়াজাতকরণ, গ. পশু খাদ্য প্রস্তুত ও ঘ. খামার যান্ত্রিকীকরণ খাতে বিশেষ অবদান রাখছেন এরূপ খামারী, উদ্যোক্তা বা প্রতিষ্ঠান থেকে প্রতি ক্যাটাগরীতে ১ জন খামারী/উদ্যোক্তা/প্রতিষ্ঠানকে আইকন হিসেবে মোট ৪ জনকে নির্ধারিত মানদন্ড অনুসারে প্রাথমিকভাবে বাছাই করবে;
- আইকন নির্বাচনের ক্ষেত্রে প্রাণীর মান, দুগ্ধ উৎপাদন দক্ষতা, উৎপাদিত দুগ্ধ/পণ্যের মান, খামার ব্যবস্থাপনা, আর্থিক লাভ, সমাজ ও সংশ্লিষ্ট শিল্প ক্ষেত্রে তার ধারাবাহিক ৫ বছরের অবদানকে প্রাধান্য দিতে হবে;
- প্রযোজ্য ক্ষেত্রে নারী খামারীকে অগ্রাধিকার দিতে হবে;
- নির্বাচিত খামারী/উদ্যোক্তা/প্রতিষ্ঠান বা প্রধানের নাম, পিতার নাম, ঠিকানা, এনআইডি, মোবাইল নং এবং কি কি বৈশিষ্ট্যের ভিত্তিতে তাকে নির্বাচন করা হয়েছে (মনোনয়ন ফরম মোতাবেক) তা উল্লেখ করে কমিটির সভাপতি ও সদস্য-সচিব কর্তৃক স্বাক্ষরিত একটি তালিকা কেন্দ্রীয় কমিটি বরাবর প্রেরণ করতে হবে; এবং
- ডেইরী আইকন-২০২১ হিসেবে কেন্দ্রীয় কমিটি কর্তৃক চূড়ান্তভাবে বাছাইকৃত খামারী/উদ্যোক্তা/প্রতিষ্ঠান-কে কেন্দ্রীয়ভাবে আয়োজিত অনুষ্ঠানে তাদের উপস্থিতির ব্যবস্থা করতে হবে। সম্মাননা গ্রহণ করার জন্য প্রকল্প থেকে যাতায়তের ব্যয়ভার বহন করা হবে।

## ৫। কেন্দ্রীয় পর্যায়ে চূড়ান্ত বাছাই কমিটি

**৫.১ কমিটির গঠন ঃ**

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব প্রাণিসম্পদ/পরিকল্পনা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | পরিচালক (প্রশাসন), প্রাণিসম্পদ অধিদপ্তর | সদস্য |
| ৩. | পরিচালক (কৃত্রিম প্রজনন), প্রাণিসম্পদ অধিদপ্তর | সদস্য |
| ৪. | অতি: মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন), প্রধান কার্যালয়, মিল্ক ভিটা | সদস্য |
| ৫ | প্রধান নির্বাহী কর্মকর্তা, এসিআই এগ্রিবিজনেস | সদস্য |
| ৬. | উপ-প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট), প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প | সদস্য |
| ৭. | চিফ টেকনিক্যাল কো-অর্ডিনেটর, প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প | সদস্য-সচিব |

**৫.২ কেন্দ্রীয় কমিটির কার্য-পরিধি ঃ**

- জেলা কমিটি থেকে প্রাপ্ত তালিকার যাচাই বাছাই করবে ও চূড়ান্তভাবে সুনির্দিষ্ট মান দন্ড অনুসারে ০৪ (চার)টি ক্যাটেগরী প্রতি ক্যাটেগরীতে (ক. ডেইরী, খ. দুধ/মাংস প্রক্রিয়াজাতকরণ, গ. পশু খাদ্য প্রস্তুত ও ঘ. খামার যান্ত্রিকীকরণ) ১০ জন হিসেবে মোট ৪০ জন খামারী/উদ্যোক্তা/প্রতিষ্ঠানকে চূড়ান্ত করবে।
- মোট প্রাপ্ত আবেদনের মেরিট ও সংখ্যা বিবেচনায় নিয়ে ভেলু চেইন ভিত্তিক পুরস্কারের ক্যাটেগরী ভিত্তিক সংখ্যা প্রয়োজনে পূনঃ নির্ধারণ করবে।

**৬। ডেইরী আইকন-২০২১ বাছাইয়ের মানদন্ড ঃ**

**৬.১ ডেইরী ভ্যালু চেইন ঃ**

- খামারীর নূন্যতম ৫টি বা তদূর্দ্ধ দুগ্ধ উৎপাদনকারী গাভী (বিশুদ্ধ/সংকর জাত) থাকতে হবে খামারে প্রতিদিন গাভীপ্রতি গড় দুধ উৎপাদন কমপক্ষে ১০ লিটার হতে হবে;
- দুগ্ধ খামার প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক রেজিষ্ট্রিকৃত ও হালনাগাদ নবায়নকৃত হতে হবে;
- রেকর্ড কিপিং ও সংশ্লিষ্ট রেজিষ্টারসমূহ হালনাগাদ থাকতে হবে;
- খামারে জৈব নিরাপত্তা ব্যবস্থা আধুনিক ও হালনাগাদ থাকতে হবে;
- খামারে বর্জ্য ব্যাবস্থাপনা মানসম্মত ও পরিবেশ বান্ধব হতে হবে;
- এন্টিবায়োটিকের যথাযথ ব্যবহারের গুরুত্ব সম্পর্কে খামারীকে সচেতন থাকতে;
- ভ্যালু এডেড প্রোডাক্ট তৈরীতে পারদর্শীতা থাকতে হবে।
- সমাজে খামারীর উল্লেখযোগ্য অবদান যেমন-দুধের প্রাপ্রতা নিশ্চিতকরণ, ন্যায্যমূল্যে দুধ বিক্রয়, ভেজালমুক্ত দুধ সরবরাহ, সমাজের বঞ্চিত জনগোষ্ঠি এবং স্কুলের ছাত্র-ছাত্রীদের জন্য নির্দিষ্ট দিনে সুলভ বা বিনামূল্যে দুধ সরবরাহ করা, দেশ ও জাতির সংকটময় মুহূর্তে সাড়া দিয়ে পুষ্টির যোগান দেয়ার জন্য বিশেষ কার্যক্রমে অংশগ্রহণ, পিছিয়ে থাকা খামারীদের প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান, ঘাস উৎপাদনে উদ্বুদ্ধকরণের জন্য ঘাসের কাটিং বিতরণ ইত্যাদি;
- এছাড়া খামার বাছাইয়ে নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনায় নিতে হবে:
    - ✓ খামারীকে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে
    - ✓ খামারে নারীর অংশগ্রহণ থাকতে হবে
    - ✓ কত জনের কর্ম-সংস্থানের ব্যবস্থা করা হয়েছে;
    - ✓ লাভজনকভাবে খামার পরিচালনা ও আয়-ব্যয়ের হিসাব
    - ✓ ডেইরী শিল্পে খামার/খামারীর অবদান; এবং
    - ✓ খামার সফলতার বিবরণ: সংযুক্তি-১ মোতাবেক সংযুক্ত করতে হবে।

**৬.২ দুগ্ধ/মাংস প্রক্রিয়াজাতকরণ আইকন ভ্যালু চেইন ঃ**

- উদ্যোক্তার দুগ্ধ/মাংস প্রক্রিয়াজাতকরণ-এর জন্য সুনির্দিষ্ট অবকাঠামো/প্রতিষ্ঠান থাকতে হবে;
- কি কি পণ্য উৎপাদন ও প্রক্রিয়াজাত করে থাকেন;
- দৈনিক কমপক্ষে ২০০ লিঃ দুধ/২০০ কেজি মাংস প্রক্রিয়াজাত করার সক্ষমতা থাকতে হবে;

- SOP (Standard operation procedures) অনুসরণ পূর্বক প্রক্রিয়াজাতকরণ কর্যক্রম পরিচালিত হতে হবে।
- কারখানায় বর্জ্য ব্যাবস্থাপনা মানসম্মত ও পরিবেশ বান্ধব হতে হবে;
- সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের রেজিষ্ট্রিকৃত/ট্রেড লাইসেন্স ও হালনাগাদ নবায়নকৃত থাকতে হবে;
- সমাজে উদ্যোক্তার উল্লেখযোগ্য অবদান যেমন-দুধ/মাংসের প্রাপ্রতা নিশ্চিতকরণ, খামারী/বিক্রেতার নিকট থেকে ন্যায্যমূল্যে দুধ/মাংস ক্রয়, কাঁচামাল হিসেবে মান সম্পন্ন ও ভেজালমুক্ত দুধ/মাংস ক্রয় এবং মান সম্পন্ন ও ভেজালমুক্ত পণ্য সরবরাহ, সমাজের সুবিধা বঞ্চিত জনগোষ্ঠি এবং স্কুলের ছাত্র-ছাত্রীদের অথবা সমাজের সুবিধা বঞ্চিত জনগোষ্ঠির জন্য নির্দিষ্ট দিনে সুলভ বা বিনামূল্যে পণ্য সরবরাহ করা, দেশ ও জাতির সংকটময় মুহূর্তে সাড়া দিয়ে পুষ্টির যোগান দেয়ার জন্য বিশেষ কার্যক্রমে অংশগ্রহণ, নতুন উদ্যোক্তা তৈরি বা পিছিয়ে থাকা উদোক্তাকে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান ইত্যাদি;
- স্বাস্থ্যসম্মত ও নিরাপদ খাদ্য বিধি মোতাবেক পণ্য উৎপাদন ও প্রক্রিয়াজাত করার প্রমাণক থাকতে হবে।
- জনবল কাঠামোতে সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞান সম্পন্ন জনবল থাকতে হবে;
- এ ছাড়া খামার/উদ্যোক্তা/প্রতিষ্ঠান বাছাইয়ে
  - ✓ উদ্যোক্তা প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে
  - ✓ প্রতিষ্ঠানে নারীর অংশগ্রহণ
  - ✓ কত জনের কর্ম-সংস্থানের ব্যবস্থা করা হয়েছে;
  - ✓ লাভজনকভাবে ব্যবসা পরিচালনা করা ও আয়-ব্যয়ের হিসাব;
  - ✓ সংশ্লিষ্ট শিল্পে উদ্যোক্তার অবদান; এবং
  - ✓ উদ্যোক্তার সফলতার বিবরণ: সংযুক্তি-২ মোতাবেক সংযুক্ত করতে হবে।

**৬.৩) পশু খাদ্য প্রস্তুত ভ্যালু চেইন ঃ**

- উদ্যোক্তার প্রাণিসম্পদ-খাদ্য প্রক্রিয়াজাতকরণ-এর জন্য সুনির্দিষ্ট প্রতিষ্ঠান/কারখানা থাকতে হবে;
- মান সম্মত খাদ্য উপকরণ/কাঁচামাল খাদ্য উৎপাদনে ব্যবহারের প্রমাণক থাকতে হবে।
- উৎপাদিত পণ্যের গুনগতমান নিশ্চিত করতে হবে।
- দৈনিক কমপক্ষে ১০০ টন প্রাণিসম্পদ-খাদ্য তৈরি/প্রক্রিয়াজাত করার রেকর্ড থাকতে হবে।;
- সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে রেজিষ্ট্রিকৃত/ট্রেড লাইসেন্স হালনাগাদ নবায়নকৃত থাকতে হবে;
- কারখানায় উৎপাদিত প্রাণিখাদ্যে গুনগত মান নিশ্চিত করতে হবে এবং মাঝে মধ্যে নমূনাসমূহ রেফারেন্স ল্যাবে পরীক্ষা করে আপডেট ও সার্টিফিকেশন থাকতে হবে।
- সমাজে উদ্যোক্তার উল্লেখযোগ্য অবদান যেমন-পশু খাদ্যের কাঁচামাল হিসেবে মান সম্পন্ন ও ভেজালমুক্ত খাদ্য উপকরণ ব্যবহার এবং মান সম্পন্ন ও ভেজালমুক্ত প্রাণিসম্পদ-খাদ্য সরবরাহ ও ন্যায্যমূল্যে বিক্রয়, সমাজের সুবিধা বঞ্চিত জনগোষ্ঠির উন্নয়নে অবদান, দেশ ও জাতির সংকটময় মুহূর্তে সাড়া দিয়ে পশুর পুষ্টির যোগান দেয়ার জন্য বিশেষ কার্যক্রমে অংশগ্রহণ, নতুন খামারী বা উদ্যোক্তা তৈরি বা পিছিয়ে থাকা খামারী উদোক্তাকে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান ইত্যাদি;

- কারখানায় বর্জ্য ব্যাবস্থাপনা মানসম্মত ও পরিবেশ বান্ধব হতে হবে;
- পশুখাদ্য আইন-২০১০ এবং বিধি ২০১৩ অনুসরণীয় হতে হবে;
- এ ছাড়া প্রাণিখাদ্য উৎপাদনকারী বাছাইয়ে নিম্নোক্ত মানদন্ড বিবেচনায় নিতে হবে ঃ
  - ✓ ঘাস উৎপাদনে উদ্বুদ্ধকরণের জন্য ঘাসের কাটিং বিতরণ;
  - ✓ উদ্যোক্তা প্রশিক্ষণ
  - ✓ নারীর অংশগ্রহণ
  - ✓ কর্ম-সংস্থানের ব্যবস্থা
  - ✓ লাভজনকভাবে ব্যবসা পরিচালনা করা ও আয়-ব্যয়ের হিসাব;
  - ✓ সংশ্লিষ্ট শিল্পে উদ্যোক্তার অবদান; এবং
  - ✓ উদ্যোক্তার সফলতার বিবরণ: সংযুক্তি-৩ মোতাবেক সংযুক্ত করতে হবে।

**৬.৪) খামার যান্ত্রিকীকরণ ভ্যালু চেইন ঃ**

- উদ্যোক্তার প্রাণিসম্পদ- খামার যান্ত্রিকীকরণ -এর জন্য সুনির্দিষ্ট প্রতিষ্ঠান/কারখানা থাকতে হবে;
- প্রাণিসম্পদ-খামার যান্ত্রিকীকরণ কারখানা/প্রতিষ্ঠানে ব্যবহৃত উপকরণ/কাঁচা মালের উৎস্য ও ধরন
- খামার যান্ত্রিকীকরণ প্রতিষ্ঠানটির সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন, ট্রেড লাইলেন্স/রেজিস্ট্রেশন ও হালনাগাদ নবায়নকৃত থাকতে হবে।
- প্রতিষ্ঠানের দক্ষ জনবল কাঠামো ও আধুনিক বর্জ্য ব্যবস্থাপনার ব্যবস্থা থাকতে হবে।
- সমাজে উদ্যোক্তার উল্লেখযোগ্য অবদান যেমন-পশু খাদ্যের কাঁচামাল হিসেবে মান সম্পন্ন ও ভেজালমুক্ত খাদ্য উপকরণ প্রস্তুতে অবদান এবং সমাজের সুবিধা বঞ্চিত জনগোষ্ঠির উন্নয়নে অবদান, নতুন খামারী বা উদ্যোক্তা তৈরি বা পিছিয়ে থাকা খামারী উদ্যোক্তাকে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান ইত্যাদি;

  এ ছাড়া প্রাণিখাদ্য উৎপাদনকারী বাছাইয়ে নিম্নোক্ত মানদন্ড বিবেচনায় নিতে হবেঃ
  - ✓ উদ্যোক্তা প্রশিক্ষণ
  - ✓ নারীর অংশগ্রহণ
  - ✓ কর্ম-সংস্থানের ব্যবস্থা;
  - ✓ লাভজনকভাবে ব্যবসা পরিচালনা করা ও আয়-ব্যয়ের হিসাব;
  - ✓ সংশ্লিষ্ট শিল্পে উদ্যোক্তার অবদান; এবং
  - ✓ উদ্যোক্তার সফলতার বিবরণ: সংযুক্তি-৪ মোতাবেক সংযুক্ত করতে হবে।

২৬/০৬/২০২২
ডাঃ মনজুর মোহাম্মদ শাহজাদা
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
প্রাণিসম্পদ অধিদপ্তর

২৬/০৬/২০২২
ডাঃ মোহাম্মদ শাহাদত হোসেন
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
লীভ/ডেপুটেশন/ট্রেনিং/রিজার্ভ পদ
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা

২৬/০৬/2022
ডাঃ মোঃ হাবিবুর রহমান
চীফ
পরিকল্পনা ও মূল্যায়ন কোষ
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

২৬.৬.২২
ডাঃ মোঃ শাহিনুর আলম
উপপরিচালক (প্রাণিস্বাস্থ্য), প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক, ফার্মগেট, বাংলাদেশ, ঢাকা।

# "ডেইরী আইকন"-এর মনোনয়ন ফরম

(টাইপ করে ফরম পূরণ করতে হবে, প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাবে)

ছবি

১। ভেলু চেইনের নাম ঃ.........................................................................................

২। মনোনীত খামারী/প্রতিষ্ঠান প্রধানের নাম ঃ.........................................................................

পিতা/স্বামীর নাম ঃ ..........................................................................................

মাতার নাম ঃ ..................................................................................................

ঠিকানা ঃ গ্রাম............................................. ডাকঘর..........................................

উপজেলা ঃ ................................................... জেলা...........................................

বয়স ঃ ........................................................ পেশা............................................

এনআইডি নম্বর ঃ..........................................................................................

৩। খামার/প্রতিষ্ঠানের বিবরণসহ বিগত ৫ বছরের তথ্য (সংযুক্ত ছকপত্র মোতাবেক) ঃ

৪। সফলতা অর্জনের বিশেষ বিবরণ:

ক) নিজস্ব কোন গবেষণার ফলাফল (যদি থাকে) ............. (সংযুক্ত করতে হবে)...................

খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে অবদানের বিবরণ (যদি থাকে)............. (সংযুক্ত করতে হবে)....................

গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ইতোপূর্বে পুরস্কার প্রাপ্তির বিবরণ (যদি থাকে). (সংযুক্ত করতে হবে)...............

৫। খামার/ প্রতিষ্ঠানের ছবি (সংযুক্ত করতে হবে) ঃ


৬। জেলা পর্যায়ে গঠিত কমিটির মূল্যায়ন/সুপারিশ/মতামতসহ স্বাক্ষর ঃ

৬। কেন্দ্রীয় পর্যায়ে গঠিত কমিটির মূল্যায়ন/ সুপারিশ/ মতামতসহ স্বাক্ষর ঃ

### মনোনয়পত্র দাখিল ও বাছাইয়ের সম্ভাব্য তফসিল নিম্নরূপ

| | |
|---|---|
| প্রকল্প দপ্তর থেকে আইকন নির্বাচন সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ | ১৫ ফেব্রুয়ারী, ২০২২ |
| জেলা কমিটির নিকট মনোনয়ন ফরম দাখিলের সর্বশেষ তারিখ | ৩০ মার্চ, ২০২২ |
| জেলা কমিটি কর্তৃক নিকট মনোনয়ন বাছাইপূর্বক পিএমইউতে সর্বশেষ তারিখ | ১৫ এপ্রিল, ২০২২ |
| কেন্দ্রীয় কমিটি কর্তৃক মনোনয়ন চূড়ান্তকরণের সর্বশেষ তারিখ ও প্রকল্প দপ্তরে প্রেরণ | ১৫ মে, ২০২২ |
| ডেইরী আইকন সেলিব্রেশন অনুষ্ঠানের তারিখ | ০১ জুন, ২০২২ |

### ডেইরীসহ আইকন-২০২১ সেলিব্রেশন ফ্লো-চার্ট



## সংযুক্তিঃ ১. ডেইরী ভেলু চেইন ঃ

নিম্নোক্ত ছক অনুযায়ী বিগত ৫ বছরের তথ্যের ভিত্তিতে মূল্যায়ন করে যথোপযুক্তভাবে ডেইরি আইকন-২০২১ মনোনয়ন করতে হবে।

মনোনয়নপ্রার্থী খামারী/প্রতিষ্ঠান প্রধানের নাম ঃ-----------------------------------------------------------------------------------------

ঠিকানা ঃ-----------------------------------------------------------------------------------------

প্রাণিসম্পদ অধিদপ্তর প্রদত্ত খামার/প্রতিষ্ঠানের রেজিষ্ট্রেশন নম্বর ঃ----------------------------------------

| সন | গবাদিপশুর মোট সংখ্যা | | | | | দুধ উৎপাদন ও ব্যবহার | | | | ঘাস চাষ ও সাইলেজ তৈরী | | | | | বার্ষিক মোট নিয়োজিত শ্রমিক সংখ্যা | খামারের আয়-ব্যয় | | | উন্নত ও স্বাস্থ্যসম্মত ব্যবস্থাপনা কেমন? | খামারী বছরে কতজনকে প্রযুক্তিগত পরামর্শ দেয়? | সব ধরনের রেকর্ড রাখা হয় কিনা? (হাঁ/না) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জাত/ব্রীড (বিশুদ্ধ/ সংকর/ দেশী) | গাভী | বকনা | বাছুর | মোট সংখ্যা | দৈনিক গড় দুধ উৎপাদন (লি:) | একক সর্বোচ্চ দৈনিক দুধ উৎপাদন (লি:) | বিক্রিত দুধের পরিমান (লি:) | প্রক্রিয়াজাত দুধের পরিমান (লি:) | নিজস্ব মোট জমি (একর) | ঘাসের মোট জমি (একর) | ঘাসের জাত/ প্রজাতি | বার্ষিক ঘাস উৎপাদন (টন/কেজি) | বার্ষিক সাইলেজ উৎপাদন (টন/কেজি) | | বার্ষিক মোট ব্যয় (টাকা) | বার্ষিক মোট আয় (টাকা) | বার্ষিক নীট আয় (টাকা) (১৮-১৭) | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ | ২১ | ২২ | ২৩ |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | |

**সংযুক্তিঃ ২. দুগ্ধ/মাংস প্রক্রিয়াজাতকরণ ভেলু চেইন ঃ**

নিম্নোক্ত ছক অনুযায়ী বিগত ৫ বছরের তথ্যের ভিত্তিতে মূল্যয়ন করে যথোপযুক্তভাবে প্রাণিসম্পদ সংশ্লিষ্ট পণ্য প্রক্রিয়াজাতকরণ বিষয়ক আইকন-২০২১ মনোনয়ন করতে হবে।

মনোনয়নপ্রার্থী খামারী/প্রতিষ্ঠান প্রধানের নাম ঃ-----------------------------------------------------------------------------------------

ঠিকানা ঃ-----------------------------------------------------------------------------------------

সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত রেজিস্ট্রেশন/ট্রেড লাইসেন্স নম্বর ঃ-----------------------------------------

| সন | পণ্যের নাম | প্রাণিসম্পদ সংশ্লিষ্ট প্রক্রিয়াজাতকৃত পণ্যের বাৎসরিক উৎপাদন ও আয় বিবরণ | | | | বার্ষিক মোট নিয়োজিত শ্রমিক সংখ্যা | খাদ্য নিরাপত্তা ও স্বাস্থ্যসম্মত ব্যবস্থাপনা কেমন | পণ্য বিক্রয় দেশে/বিদেশে | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পণ্য উৎপাদনের বার্ষিক পরিমান (কেজি) | পণ্যের উৎপাদন ব্যয় (টাকা) | উৎপাদিত পণ্যের বিক্রয় মূল্য (টাকা) | বার্ষিক নীট আয় (টাকা) | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

সংযুক্তিঃ ৩. পশু খাদ্য প্রস্তুত ভেলু চেইন ঃ

নিম্নোক্ত ছক অনুযায়ী বিগত ৫ বছরের তথ্যের ভিত্তিতে মূল্যয়ন করে যথোপযুক্তভাবে প্রাণিসম্পদ-খাদ্য প্রক্রিয়াজাতকরণ বিষয়ক আইকন-২০২১ মনোনয়ন করতে হবে।

মনোনয়নপ্রার্থী খামারী/প্রতিষ্ঠান প্রধানের নাম ঃ-------------------------------------------------------------------------------------

ঠিকানা ঃ-------------------------------------------------------------------------------------

সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত রেজিষ্ট্রেশন ট্রেড লাইসেন্স নম্বর ঃ---------------------------------------------

| সন | প্রাণিসম্পদ-খাদ্য পণ্যের নাম | প্রাণিসম্পদ-খাদ্য পণ্য তৈরি ও প্রক্রিয়াজাতকৃত পণ্যের বাৎসরিক উৎপাদন ও আয় বিবরণ | | | | বার্ষিক মোট নিয়োজিত শ্রমিক সংখ্যা | খাদ্য উৎপাদনে স্বাস্থ্যসম্মত ব্যবস্থাপনা ও মান কেমন | পণ্য বিক্রয় দেশে/বিদেশে | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | খাদ্য পণ্য উৎপাদনের বার্ষিক পরিমান (কেজি) | খাদ্য-পণ্যের উৎপাদন ব্যয় (টাকা) | উৎপাদিত পণ্যের বিক্রয় মূল্য (টাকা) | বার্ষিক নীট আয় (টাকা) | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

**সংযুক্তিঃ ৪. খামার যান্ত্রিকীকরণ ভেলু চেইন ঃ**

নিম্নোক্ত ছক অনুযায়ী বিগত ৫ বছরের তথ্যের ভিত্তিতে মূল্যায়ন করে যথোপযুক্তভাবে প্রাণিসম্পদ-খাদ্য প্রক্রিয়াজাতকরণ বিষয়ক আইকন-২০২১ মনোনয়ন করতে হবে।

মনোনয়নপ্রার্থী খামারী/প্রতিষ্ঠান প্রধানের নাম ঃ-------------------------------------------------------------------------------------------

ঠিকানা ঃ-------------------------------------------------------------------------------------------

সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত রেজিষ্ট্রেশন ট্রেড লাইসেন্স নম্বর ঃ---------------------------------------------------

| সন | প্রাণিসম্পদ খামার যান্ত্রিকীকরণ পণ্যের বিবরণ | প্রাণিসম্পদ খামার যান্ত্রিকীকরণ শিল্পে বাৎসরিক ও আয় বিবরণ | | | | বার্ষিক মোট নিয়োজিত শ্রমিক সংখ্যা | খাদ্য উৎপাদনে স্বাস্থ্যসম্মত ব্যবস্থাপনা ও মান কেমন | পণ্য বিক্রয় দেশে/বিদেশে | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | এ খাতে বার্ষিক উৎপাদন পরিমান | মোট ব্যয় (টাকা) | বিক্রয় মূল্য (টাকা) | বার্ষিক নীট আয় (টাকা) | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ পরিকল্পনা-২ শাখা
www.mofl.gov.bd

নম্বর: ৩৩.০০.০০০০.১৪০.৯৯.০০৩.২১.১৩ তারিখ: ২ চৈত্র ১৪২৮ / ১৬ মার্চ ২০২২

## অফিস আদেশ

প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় "ডেইরী আইকন" নির্বাচন করার জন্য নিম্নরূপভাবে কেন্দ্রীয় কমিটি গঠন করা হলোঃ

| | | |
|---|---|---|
| ১ | অতিরিক্ত সচিব (পরিকল্পনা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। | সভাপতি |
| ২ | পরিচালক (প্রশাসন), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। | সদস্য |
| ৩ | পরিচালক (কৃত্রিম প্রজনন), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। | সদস্য |
| ৪ | অতিঃ মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন), প্রধান কার্যালয়, মিল্ক ভিটা। | সদস্য |
| ৫ | প্রধান নির্বাহী কর্মকর্তা, এসিআই এগ্রিবিজনেস। | সদস্য |
| ৬ | উপ-প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট), প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প। | সদস্য |
| ৭ | চিফ টেকনিক্যাল কো-অর্ডিনেটর, প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প। | সদস্য-সচিব |

কার্য-পরিধিঃ

১। জেলা কমিটি থেকে প্রাপ্ত তালিকা যাচাই-বাছাই করে সুনির্দিষ্ট মানদন্ড অনুসারে চারটি ক্যাটাগরির (ক. ডেইরী, খ. দুধ/মাংস প্রক্রিয়াজাতকরণ, গ. পশুখাদ্য প্রস্তুত ও ঘ. খামার যান্ত্রিকীকরণ) প্রতিটিতে ১০ জন করে মোট ৪০ জন খামারী/উদ্যোক্তা/প্রতিষ্ঠানকে চূড়ান্তকরণ;

২। মোট প্রাপ্ত আবেদনের গুরুত্ব ও সংখ্যা বিবেচনায় নিয়ে ক্যাটাগরি ভিত্তিক পুরস্কারের সংখ্যা প্রয়োজনে পুনঃনির্ধারণ করা যাবে;

৩। জেলা কমিটি/প্রকল্প দপ্তরকে (প্রযোজ্য ক্ষেত্রে) নির্দেশনা প্রদান; এবং

৪। প্রয়োজনে সদস্য কো-অপ্ট করা যাবে।

১৬-৩-২০২২
মোহাম্মদ হাবীবুর রহমান
যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: +৮৮০২২২৩৩৮৫৭৭৫
ইমেইল: livestockplanning-2@mofl.gov.bd

নম্বর: ৩৩.০০.০০০০.১৪০.৯৯.০০৩.২১.১৩/১(৮) তারিখ: ২ চৈত্র ১৪২৮ / ১৬ মার্চ ২০২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

২) মহাপরিচালক (চলতি দায়িত্ব), প্রাণিসম্পদ অধিদপ্তর

৩) পরিচালক, প্রশাসন শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর

৪) পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর

৫) অতিরিক্ত মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন), প্রধান কার্যালয়, মিল্ক ভিটা।

৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, এসিআই এগ্রিবিজনেস।

৭) উপ-প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট), প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প।

৮) চিফ টেকনিক্যাল কো-অর্ডিনেটর, প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প।

১৬-৩-২০২২
মোহাম্মদ হাবীবুর রহমান
যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ পরিকল্পনা-২ শাখা
www.mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৪০.৯৯.০০৩.২১.১২

তারিখ: ২ চৈত্র ১৪২৮
১৬ মার্চ ২০২২

বিষয়: জেলা প্রশাসককে কমিটিতে সভাপতি হিসেবে অন্তর্ভুক্তির সম্মতি প্রদান।

সূত্র: ৩৩.০১.০০০০.৭০০.১৪.০১৫.১৮.৮৬ ০৭ ফেব্রুয়ারি ২০২২

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন শীর্ষক প্রকল্পের ''ডেইরী আইকন সেলিব্রেশন'' কার্যক্রমের আওতায় দেশের ৬১টি (৩টি পার্বত্য জেলা ব্যতীত) জেলা থেকে চারটি বিভিন্ন ক্যাটাগরিতে (ডেইরী, দুধ/মাংস প্রক্রিয়াজাতকরণ, পশু খাদ্য প্রস্তুত ও খামার যান্ত্রিকীকরণ) ডেইরী আইকন নির্বাচনের জন্য নিম্নরূপভাবে জেলা কমিটি গঠন করা হয়েছেঃ

| | | |
|---|---|---|
| ১ | জেলা প্রশাসক, সংশ্লিষ্ট জেলা | সভাপতি |
| ২ | উপ-পরিচালক, কৃত্রিম প্রজনন, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ৩ | জেলা মৎস্য কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ৪ | জেলা সমবায় কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ৫ | সভাপতি, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ৬ | সভাপতি, জেলা ডেইরী ফার্মার্স এসোসিয়েশন, সংশ্লিষ্ট জেলা | সদস্য |
| ৭ | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা | সদস্য-সচিব |

কার্য-পরিধিঃ

(১) কমিটি সংশ্লিষ্ট জেলা থেকে (ক) ডেইরী, (খ) দুধ/মাংস প্রক্রিয়াজাতকরণ, (গ) পশুখাদ্য প্রস্তুত ও (ঘ) খামার যান্ত্রিকীকরণ খাতে বিশেষ অবদান রাখছেন এরুপ খামার, উদ্যোক্তা বা প্রতিষ্ঠানের মধ্য থেকে প্রতি ক্যাটাগরীতে এক জন খামারী/উদ্যোক্তা/প্রতিষ্ঠানকে আইকন হিসেবে মোট ৪ জনকে নির্ধারিত মানদন্ড অনুসারে প্রাথমিকভাবে বাছাই করবে;

(২) ডেইরী আইকন নির্বাচনের ক্ষেত্রে প্রাণীর স্বাস্থ্য, দুগ্ধ উৎপাদন দক্ষতা/পণ্যের মান, খামার ব্যবস্থাপনা, আর্থিক লাভ, সমাজ ও সংশ্লিষ্ট শিল্প ক্ষেত্রে তার ধারাবাহিক ৫ বছরের অবদানকে প্রাধান্য দিবে;

(৩) নির্বাচিত খামারী/উদ্যোক্তা/প্রতিষ্ঠান বা প্রধানের নাম, পিতার নাম, ঠিকানা, এনআইডি, মোবাইল নং এবং কি কি বৈশিষ্ট্যের ভিত্তিতে তাকে নির্বাচন করা হয়েছে তা উল্লেখ করে কমিটির সভাপতি ও সদস্য-সচিব কর্তৃক স্বাক্ষরিত একটি তালিকা কেন্দ্রীয় কমিটি বরাবরে প্রেরণ করবে।

০২। এমতাবস্থায়, প্রকল্প বাস্তবায়নকালীন জাতীয় পর্যায়ে ডেইরী আইকন নির্বাচনের জন্য জেলা কমিটিতে সভাপতি হিসেবে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসককে অন্তর্ভুক্তিতে সদয় সম্মতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬-৩-২০২২
মোহাম্মদ হাবীবুর রহমান

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: +৮৮০২২২৩৩৮৫৭৭৫
ইমেইল: livestockplanning-2@mofl.gov.bd

**দৃষ্টি আকর্ষণঃ** উপসচিব, মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৪০.৯৯.০০৩.২১.১২/১(৪)

তারিখ: ২ চৈত্র ১৪২৮
১৬ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক (চলতি দায়িত্ব), প্রাণিসম্পদ অধিদপ্তর

২) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), ''প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন'' প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা

৩) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

৪) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

১৬-৩-২০২২
মোহাম্মদ হাবীবুর রহমান
যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব)